
সংবাদ
তারিখ 04 JUN 2016

ভর্তি

# একেএম রহমত উল্লাহ বিশ্ববিদ্যালয় কলেজ

## দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের বিনা বেতনে অধ্যয়নের সুযোগ



একেএম রহমত উল্লাহ বিশ্ববিদ্যালয় কলেজ ঢাকার বাড্ডা থানার বেরাইদে অবস্থিত একটি আলোকিত শিক্ষা প্রতিষ্ঠান। ১৯৯৫ সালে এই শিক্ষা প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা করেন বর্তমান ঢাকা-১১ আসনের সংসদ সদস্য একেএম রহমত উল্লাহ। তিনি সম্পূর্ণ বিনা বেতনে এখানে পড়াশোনার সুযোগ করে দিয়েছেন শিক্ষার্থীদের। দরিদ্র ও মেধাবিদের জন্য রয়েছে বৃত্তির সুযোগ। এখানে এইচএসসি ,অনার্স ও মাস্টার্স শ্রেণীতে অধ্যয়নের সুযোগ রয়েছে। বিগত বছরে কলেজের পাসের হার প্রায় শতভাগ।

বৈশিষ্ট্য: ১. মাসিক ও সেমিস্টার পদ্ধতিতে অভ্যন্তরীণ পরীক্ষা ও মূল্যায়নের ব্যবস্থা। ২. নিয়মিত Guide Teacher-এর তত্ত্বাবধান। ৩. শ্রেণিকক্ষে পাঠদানের ক্ষেত্রে উন্নত কলাকৌশল ব্যবহার। ৪. আবশ্যিকভাবে কম্পিউটার শিক্ষার ব্যবস্থা। ৪. অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের জন্য আর্থিক সুবিধা। ৫. রাজনীতি ও ধূমপানমুক্ত পরিবেশ। ৬. সম্পূর্ণ বিনা বেতনে অধ্যয়নের সুযোগ। ৭. A+ প্রাপ্তদের জন্য বিশেষ সুযোগ সুবিধা। ৮. উন্নতমানের ল্যাব, লাইব্রেরি ও ইন্টারনেট সুবিধা।

বর্তমানে আত্র কলেজে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীর বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ছাত্রছাত্রী অনলাইনে এবং টেলিটক মোবাইলে এসএমএস এর মাধ্যমে আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। কলেজে এসে আবেদনের সুযোগ রয়েছে। আগামী ৯ জুন পর্যন্ত আবেদন করা যাবে। ক্লাস শুরু হবে ১০ জুলাই ২০১৬। প্রতিষ্ঠানটির ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাবিবুর রহমান ভূঁঞা জানান, কলেজটি ধারাবাহিকভাবে ভালো ফলাফল করছে। বেশিরভাগ সময়ই পাসের হার প্রায় শতভাগ। নিয়মিত পাঠদান ও তদারকি, শিক্ষকদের আন্তরিক প্রচেষ্টা, শিক্ষার্থীদের পড়ালেখার অবস্থা নিয়ে গর্ভর্নিং বডি ও অভিভাবকদের সঙ্গে নিয়মিত আলোচনা করার কারণেই ফলাফল ভালো হচ্ছে এবং আগামীতে আরও ভালো করতে আমরা তৎপর। বিস্তারিত তথ্য পেতে ঠিকানা : একেএম রহমত উল্লাহ বিশ্ববিদ্যালয় কলেজ, EIIN-108031 বেরাইদ, বাড্ডা, ঢাকা-১২১২। ফোন -০১৮১৮১৬৮২১৪

আতিক হাসান